ঢাকা ওয়াসা

(১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
(২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
(৩) পূর্বানুমোদিত দরের কপি।
(৪) ঠিকাদারের প্রয়োজনীয় কাগজপত্র।
(৫) আলোচ্য কাজের ক্যালকুলেশন।
(৬) প্রাক্কলন।
(৭) প্রতিবেদন।

বিষয়: "Cleaning and removal of grass from the south-west corner of the side slope of the Facultative Lagoon B-7 under PSTP" কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীন ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে নের্টওয়ার্কের মাধ্যমে নারিন্দা সেন্ট্রাল পাম্প স্টেশনের ইনলেট চেম্বারে জমা হয়। উক্ত স্যুয়েজ পয়ঃ পাম্পের মাধ্যমে পাম্পিং প্রক্রিয়ায় নারিন্দা হতে পাগলা পয়ঃ শোধনাগারের লিফট পাম্পের ইনলেট চেম্বারে জমা হয়। উক্ত পয়ঃ স্লাজ লিফট পাম্পের মাধ্যমে উত্তোলন করে গ্রীড চেম্বারে জমা হয়। জমাকৃত পয়ঃ বর্জ্যসমুহ প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার বক্সের মাধ্যমে অবিরাম ঘুর্ণ্ন প্রক্রিয়ায় ঘুরতে থাকার ফলে প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংকের মধ্যকার পয়ঃ সমুহ ভাসমান স্কাম ওয়াটার ফ্লাশ সিস্টেমের মাধ্যমে স্কাম পিটে চলে যায়, স্ল্যাজসমুহ ট্যাংকের তলদেশে জমা হয় তা স্ল্যাজ পাম্পের মাধ্যমে সাকশন করে স্ল্যাজ লেগুনে ফেলা হয় এবং ট্রিটেড লিকুইড মেজারিং চেম্বারের মধ্যদিয়ে চূড়ান্ত ট্রিটমেন্টের জন্য ফ্যাকালটেটিভ লেগুন টাইপ এ এবং বি তে জমা হয়। ফ্যাকালটেটিভ লেগুনের মাধ্যমে লিকুইড ট্রিটেড প্রক্রিয়াটি এরোবিক ও নন-এরোবিক প্রক্রিয়ায় সম্পন্ন করা হয়। এতে ফ্যাকালটেটিভ লেগুনে লিকুইড ট্রিটেড প্রক্রিয়াটি সম্পন্ন করতে ডিটেনশন টাইম ৭(সাত) দিন সময়ের প্রয়োজন হয়। সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে ট্রিটেড লিকুইড বুড়িগঙ্গা নদীতে ডিসপোজ করা হয়। পাগলা পয়ঃ শোধনাগারে এ-টাইপ এর ০৮ টি ও বি-টাইপের ০৮ টি সর্বমোট ১৬ টি ফ্যাকালটেটিভ লেগুন রয়েছে। বর্তমানে B-7 ফ্যাকালটেটিভ লেগুনের সাইড স্লোপ এর ঘাস গুলি পরিষ্কার করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Cleaning and removal of grass from the south-west corner of the side slope of the Facultative Lagoon B-7 under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪৯,০০০.০০(উনপঞ্চাশ হাজার) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের **"পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২)** খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার **সিরিয়াল নং-83; প্যাকেজ নং- E6** (থোক বরাদ্দ) এর অন্তর্ভুক্ত।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)(ড) বিধি অনুসরণে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Cleaning and removal of grass from the south-west corner of the side slope of the Facultative Lagoon B-7 under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৯৯(১)(ড) বিধি অনুসরণে সরাসরি চুক্তি (Direct Contracting) প্রক্রিয়ায় **"মেসার্স অয়েশা এন্টারপ্রাইজ"** এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,০০০.০০ (উনপঞ্চাশ হাজার) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের **"পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২)** খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

21/10/25 SDE

EE

মোঃ মামুনুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

21.10.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা

S-Shihabur Rahman
21/10/25
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SE(WSTP circle)

23/10/2025
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

১-৩। প্রস্তাব অনুমোদিত

26/10/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা